আল্লামা ছাহেব কিবলাহ ফুলতলী (র.)

نالۂ قلندر

নালায়ে কলন্দর

কাব্যানুবাদ : মাওলানা কবি রূহুল আমীন খান

Scanned with CamScanner

" বই জীবনকে আলোকিত করে "
মোঃ আতিকুল ইসলাম রেদওয়ান
বই নং-
মোবাঃ ০১৬২১-৮৮৮৯৯৯

নালায়ে কলন্দর

আল্লামা মোঃ আব্দুল লতিফ চৌধুরী
(ছাহেব কিবলাহ ফুলতলী র.)

কাব্যানুবাদ
মাওলানা কবি রূহুল আমীন খান

পারওয়ানা পাবলিকেশন্স

Scanned with CamScanner

নালায়ে কলন্দর

আল্লামা মোঃ আব্দুল লতিফ চৌধুরী

(ছাহেব কিবলাহ ফুলতলী র.)

কাব্যানুবাদ

মাওলানা কবি রূহুল আমীন খান

প্রকাশনা

মুহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী

পরওয়ানা পাবলিকেশন্স

ফুলতলী ভবন, ১৯/এ, নয়াপল্টন, ঢাকা

স্বত্ব

প্রকাশক

প্রকাশকাল

অনুবাদসহ দ্বিতীয় সংস্করণ ঃ অক্টোবর ২০০৩ ইংরেজী

তৃতীয় সংস্করণ ঃ জানুয়ারী ২০১৩ ইংরেজী

চতুর্থ সংস্করণ ঃ রবীউল আউয়াল ১৪৩৭ হিজরী

পৌষ ১৪২২ বাংলা

জানুয়ারী ২০১৬ ইংরেজী

প্রচ্ছদ ও কম্পোজ

পরওয়ানা গ্রাফিক্স

মুদ্রণ

কলম প্রিন্টিং প্রেস

৮১/১, নয়াপল্টন, ঢাকা

মূল্য

১৩০ টাকা মাত্র

৫ পাউন্ড

NALA-E-QOLONDOR (Weeping of Qolondor)

by Allama Muhammad Abdul Latif Chowdhury (Saheb Qiblah Fultoli R.)

Poetical version from Urdu to Bangla by Maulana Ruhul Ameen Khan

Published by Parwana Publications, Fultoli Bhaban.

19/A Nayapaltan, Dhaka-1000.

4th Edition : January 2016.

Price : Tk.130:00. £5.

Scanned with CamScanner

প্রকাশকের নিবেদন

নালায়ে কলন্দর- কলন্দরের রোদন, আমার মুহতারাম ওয়ালিদ হযরত ফুলতলী ছাহেব কিবলাহ (র.)-এর একটি কাব্যগ্রন্থ। উর্দূ ভাষায় রচিত এই কাব্যে হাম্‌দ-না'ত ছাড়াও ওলী-আউলিয়ার স্মরণে যেমন কবিতা রয়েছে, তেমনি রয়েছে ব্যক্তিগত বেদনাময় অনুভূতি-অনুভবের কবিতাও। মহান আল্লাহ প্রেমে আকণ্ঠ নিবেদিত, আল্লাহর পেয়ারা হাবীব সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুহব্বতে এবং ওলী-আউলিয়ার স্মরণে আপ্লুত এক অসাধারণ ভক্ত-আশেক প্রাণের আকুতি 'নালায়ে কলন্দর'-এ প্রকাশিত হয়েছে গীতল ছন্দময় শিল্পসুষমায়। এছাড়া, ব্যক্তিগত ভাবচেতনার কবিতাগুলোতেও রয়েছে অধ্যাত্ম-চেতনার অতি সূক্ষ্ম ও উৎকৃষ্ট প্রকাশ। এ ধরণের সমর্পণ ও দীদারের হৃদয় নিংড়ানো ধ্বনিময়তা কেবল সেই স্তরের বুযুর্গগণের পক্ষেই সম্ভব, যে স্তরে নালা বা রোদন মানে নিছক রোদন নয়, বরং নৈকট্যেরও প্রতীক। তবু নালায়ে কলন্দর– এ আগাগোড়া যে রোদন ভরা চেতনা কাব্য সুষমায় নিষিক্ত হয়ে প্রকাশিত হয়েছে, তার একটি জাগতিক সূত্র-উৎস রয়েছে এই কাব্য রচনার পটভূমিতে।

হযরত ফুলতলী ছাহেব কিবলাহ (র.) ১৯৭১-৭৩ সালে সুদীর্ঘ দু'বছর সিলেট কারাগারে থাকাকালীন সীরাত, তাফসীর, আকাঈদ ও তাসাউফ বিষয়ে বেশ কিছু অতি মূল্যবান কিতাব রচনায় ব্যাপৃত থাকেন। তার মধ্যে রয়েছে- নবী করীম (সা.)-এর সীরাত বিষয়ে 'আল মুনতাখাবুছ ছিয়ার', তাফসীর বিষয়ে- 'আততানবীর আলাত তাফসীর', আকাঈদ বিষয়ে- 'আল ফারাইদ ফিল আকাঈদ', তাসাউফ বিষয়ে 'আনওয়ারুছ ছালিকীন' ইত্যাদি। এই কিতাবাদি রচনা ছাড়াও এ সময় হাম্‌দ-না'ত সম্বলিত কাব্যগ্রন্থ নালায়ে কলন্দর তিনি রচনা করেন। কলন্দর তিনি নিজের কলমীনাম হিসেবে ব্যবহার করেছেন।

Scanned with CamScanner

অন্য কিতাবগুলোর মত উর্দূ ভাষায় এই কাব্যগ্রন্থটির প্রথম ও দ্বিতীয় সংস্করণ প্রকাশ করেন আমার শ্রদ্ধেয় বড় ভাই আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী। উর্দূ ভাষায় এই কাব্যগ্রন্থটি সুধীমহলে ব্যাপকভাবে সমাদৃত হয় মূলতঃ এ গ্রন্থের কাব্যগুণ, ভাবসম্পদ ও অধ্যাত্মচেতনার অতি সূক্ষ্মতর বিন্যাসের জন্য। সাথে সাথে দেশে ও বিদেশে পাঠক মহলের তরফ থেকে নালায়ে কলন্দর বাংলায় ভাষান্তরিত করে প্রকাশের জন্য তাকীদ আসে। নালায়ে কলন্দর বাংলা তরজমা করে প্রথম প্রকাশিত হয় ১৯৯৭ সালে। কবি সৈয়দ শামসুল হুদা এই কাব্যানুবাদ করেন। এই সংস্করণ শেষ হয়ে গেলে পুণরায় মুদ্রণের প্রয়োজন দেখা দেয়। তবে, যেহেতে উর্দূ ভাষায় রচিত প্রতিটি হাম্‌দ-না'ত এ গজলের সুর রয়েছে, তাই অনুবাদ গজল আকারে করার ওপর গুরুত্বারোপ করেন অনেকেই।

আমাদের দেশের খ্যাতিমান কবি ও ইসলামী চিন্তাবিদ মাওলানা কবি রূহুল আমীন খান (নির্বাহী সম্পাদক, দৈনিক ইনকিলাব) এই বইয়ের হাম্‌দ-না'তগুলো ছন্দ-সুর মূলানুগ রেখে অনুবাদ করার সম্মতি জানিয়ে অতি দ্রুততার সাথে তা আঞ্জাম দিয়ে আমাদের কৃতার্থ করেন। উর্দূ মূল কিতাবের সাথে সাতটি হাম্‌দ-না'ত সংযোজিত রয়েছে, যা ছাহেব কিবলাহ (র.) বিভিন্ন সময়ে মক্কা-মদীনা শরীফ সফরকালে রচনা করেন। নতুন অনুবাদসহ এই সংস্করণ প্রকাশ করতে পেরে আল্লাহ তা'আলার দরবারে শোকর আদায় করছি। সেই সাথে দয়াময়ের নিকট এই মুনাজাত, তিনি যেন এই প্রচেষ্টাকে সার্থক করেন এবং মুহতারাম ওয়ালিদ হযরত ফুলতলী ছাহেব কিবলাহ্ (র.) কে জান্নাতের উচ্চ মাকাম দান করেন। আমীন!

প্রকাশক

Scanned with CamScanner

দুটি কথা

বিসমিল্লাহির রাহমানির রাহীম

নাহমাদুহু ওয়া নুসাল্লি আলা রাসূলিহিল কারীম

'নালায়ে কলন্দর' আমার জীবনের এক সংকটময় মুহূর্তের রচনা। পৃথিবীতে মানুষের সফর স্থায়ী হয় না। স্বল্পস্থায়ী এই জীবনে সুখ-দুঃখ, আনন্দ-বেদনা পাশাপাশি থাকে, এই জগতের স্বাদ যাতে মানুষ পুরোপুরি পেতে পারে। রাত-দিন যেমন মহান আল্লাহ্‌র হুকুমে আবর্তিত, তেমনি প্রতিটি মুহূর্তও তাঁরই ইচ্ছায় চলমান। তদুপরি, দুঃখের পশ্চাতে, বেদনার অপর পিঠে, সংকটের অবসানে কি আছে, তা আলেমুল গায়েবই ভাল জানেন। কাজেই, মানবের কাজ সময়ের প্রতিটি পল-অনুপলের সদ্ব্যবহার করা, আল্লাহ্‌ এবং তাঁর পেয়ারা হাবীব (সা.)-এর নৈকট্য লাভের চেতনা ও আকৃতিকে কলবে জারী রাখা। সেই সাথে খিদমতে খাল্‌ক-এ নিজেকে যতদূর সম্ভব ব্যাপৃত রাখা। আর এর মধ্য দিয়েই মানব জীবনে সঞ্চিত হয় পরকালের পাথেয়।

কুরআন ও সুন্নাহ-এ দুয়ের চর্চা ও অনুশীলনের দ্বারাই মানব জীবন আবাদ হয়। এই আবাদের কাজটি সর্বাবস্থায় প্রতি মুহূর্তে জারী রাখা মুমিন বান্দাহর জীবনে প্রাত্যহিক কাজ। কেননা রোজ হাশরে আল্লাহর দরবারে প্রতিটি মুহূর্তের হিসাব পেশ করতে হবে। এটাই মানব জীবনের সাকুল্য বৈশিষ্ট্য-যা আল্লাহর মহৎ ইচ্ছাকেই প্রতিফলিত করে।

বাংলা রূপান্তরসহ নালায়ে কলন্দর-এর বর্ধিত সংস্করণ প্রসঙ্গে লিখতে গিয়ে এ কথা বলতে হচ্ছে এজন্যই যে, এই কাব্যগ্রন্থটি রচনার একটি পটভূমি আছে। এটা রচনাকালে সেই ১৯৭১-৭৩ পর্যন্ত প্রায় ২৪ মাস আমি সিলেট কারাগারে বন্দী ছিলাম। মুমিনের জীবনে বন্দীদশা নতুন নয়, অভাবিতও নয়। কেননা, মুমীনের সততা, নিষ্ঠা ও কর্মধারার সাথে দুনিয়াবী ধ্যান-ধারণা বা কর্মপ্রবাহের কখনো কোনো সংঘাত দেখা দেবে না, এমন নয়। বন্দীত্ব অথবা মুক্তির প্রকৃত রহস্য মহান আল্লাহই ভাল জানেন। কাজেই, বন্দীকালীন সময়টুকু সদ্ব্যবহার করার খেয়াল স্বাভাবিকভাবেই আমার মনে জেগেছে। সেই খেয়াল থেকেই কয়েদীদের মধ্যে যারা উৎসাহী তাদের ছহীহ উচ্চারণে আল কুরআন পাঠের জন্য বিশুদ্ধ কিরাত শিক্ষাদানের উদ্যোগ নেই। পর্যায়ক্রমে এটি একটি নিয়মিত দারসে পরিণত হয়। বন্দীদের মধ্যে তৎকালে অনেক উলামায়ে কিরামও ছিলেন। তাঁরাও শরীক হন এই দারসে। কিরাত বিষয়ে আমার মক্কা শরীফের ওস্তাদ রঈসুল কুররা হযরত শায়খ আহমদ হিজাযী (রহ.)-এর নিয়ম-পদ্ধতি অনুসারে আমি কিরাত শিক্ষা দিতে থাকি।

Scanned with CamScanner

এরপরও যথেষ্ট অবসর থাকতো। সেই অবসর সময়টকুতে পেয়ারা নবী (সা.)-এর সীরাত বিষয়ে একখানা কিতাব রচনায় মনোযোগী হই। সিলেট জেলের তৎকালীন সুপার অলি আহাদ সাহেবের একান্ত সহযোগিতা আমার এ কাজকে সহজ করে তোলে। ছয় শ' পৃষ্ঠার সীরাত গ্রন্থ 'আল মুনতাখাবুছ ছিয়ার' সমাপ্ত করি। পরবর্তীতে ৩ খণ্ডে এই কিতাব প্রকাশিত হয়েছে। পর্যায়ক্রমে আকাঈদ, তাসাউফ এবং তাফসীর এসব লেখারও তওফিক আল্লাহ্ আমাকে দান করেন।

এসব কিতাবাদি রচনার ফাঁকে ফাঁকে রাব্বুল আলামীন ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর শানে কিছু হাম্দ ও না'ত লিখি। এ ছাড়া, কিছু ফরিয়াদ, মুনাজাত এবং কিছু অনুভুতি-অনুভবের ছন্দময় একান্ত উচ্চারণও লিপিবদ্ধ করে রাখি। ওলী-আউলিয়ার স্মরণেও কিছু কবিতা লিখি। পরবর্তীতে এসবই 'নালায়ে কলন্দর' নামে কিতাব আকারে প্রকাশিত হয়েছে। আসলে সীরাত, তাফসীর, আকাঈদ, তাসাউফ বিষয়ক লেখালেখি নিয়ে ব্যাপৃত থাকাকালীন একান্তে আমার হৃদয়-কন্দরে যে ভাষাহীন আকুতি জেগেছে, তারই লিখিত রূপ-নালায়ে কলন্দর।

উর্দূ ভাষায় নালায়ে কলন্দর-এর দুটি সংস্করণ প্রকাশিত হয়েছে। বিভিন্ন মহল থেকে এই কাব্যগ্রন্থটির বাংলা অনুবাদ প্রকাশের তাকীদও আসতে থাকে। আমার ছোট ছেলে হুছামুদ্দীন চৌধুরীর প্রচেষ্টায় বইটির বাংলা রূপান্তরসহ বর্ধিত সংস্করণ প্রকাশিত হয়েছে। পরবর্তী সময়ে লেখা আমার আরো কয়েকটি হাম্দ ও না'ত এই বর্ধিত সংস্করণে যুক্ত হয়েছে। 'নালায়ে কলন্দর' এর বাংলা রূপান্তর বিষয়ে আমার বলার বিশেষ কিছু নেই। তবে, এ কথা তো সর্বজনবিদিত যে, কাব্য-কবিতা তথা তাবৎ-কবিতা তো একটি বিশেষ মুহূর্তে একটি হৃদয়ের বিশেষ ভাব-অনুভূতির ভাষারূপ। হৃদয় থেকে হৃদয়ে এই ভাব-অনুভূতির কিছুটা পার্থক্য হওয়াটাই স্বাভাবিক। দ্বিতীয় পর্যায়ে এই ছন্দ সুরে গজল আকারে অনুবাদ করেছেন স্নেহভাজন মাওলানা কবি রুহুল আমীন খান। দুআ করি, আল্লাহ্ তাআলা মকবূল যিন্দেগী নসিব করে তাঁর দু'জাহান কল্যাণকর করুন। সাথে সাথে আমার ছেলে হুছাম এবং তার সংশ্লিষ্ট সকলের জন্যও রইল আমার আন্তরিক দুআ।

মোহাম্মদ আব্দুল লতিফ চৌধুরী

ফুলতলী
জকিগঞ্জ, সিলেট

Scanned with CamScanner

অনুবাদকের নিবেদন

আলেমকুল শিরোমনি, আরেফকুল গৌরব, নায়েবে রাসূল (সা.) হযরাতুল আল্লামা আব্দুল লতীফ চৌধুরী ছাহেব কিবলাহ্ ফুলতলী দ্বীনী গগনের এক উজ্জল নক্ষত্র। ইলমে নবুবী তথা ইল্‌মে জাহের ও ইল্‌মে বাতেনের সার্থক উত্তরাধিকারী, হযরত শাহ্ জালাল মুজার্রাদ ইয়ামেনীর সঙ্গী হযরত শাহ্ কামাল (রহ.)-এর উত্তরপুরুষ, হযরত মাওলানা কারামত আলী জৈনপুরী (রহ.)-এর আধ্যাত্মিকতার পতাকাবাহী, হযরত শাহ্ বদরপুরী (রহ.)-এর প্রধান খলীফা, মর্দে মুজাহিদ ক্ষণজন্মা এই মহামনীষী আমাদের জন্য আল্লাহ রাব্বুল আলামীনের এক খাস নিয়ামত। 'নালায়ে কলন্দর' এই মহান ওলীর জীবনের এক সংকটময় মুহূর্তের রচনা। আল্লাহর প্রেমে সমাহিত, রাসূলপ্রেমে নিমজ্জিত আউলিয়া-মোহাব্বতে আপ্লুত, হাকীকতের নূরে উদ্ভাসিত এই মহান তাপসের হৃদয়ের যে ভাব, যে অতিন্দ্রিয় অনুভূতি শব্দ ও ছন্দের অবয়বে 'নালায়ে কলন্দরে' বিধৃত তার আমেজে কেবল আপ্লুত হওয়া যায়, তরজমা করা যায় না, বোধহয় কেউ তার তরজমা করতে পারেন না, আমার মত নগন্যতো নয়ই। তবু তাঁর সুযোগ্য ছাহেবজাদা প্রিয়ভাই কর্মবীর মাওলানা হুছামুদ্দীন চৌধুরী এই অমিয় সুধার কাব্যানুবাদের প্রস্তাব যখন পেশ করলেন তখন অক্ষমতা সত্ত্বেও আমি কেবল এর সাথে নিজেকে যুক্ত করার সৌভাগ্য অর্জনের আকাঙ্ক্ষায় সানন্দে রাজী হয়ে গেলাম।

আমি যতদিন নালায়ে কলন্দরের কাব্যানুবাদে সমাহিত ছিলাম ততদিন ছাহেব কিবলাহ্ ফুলতলীর আধ্যাত্মিকতার অনির্বচনীয় স্পর্শ অনুভব করেছি, মনের পর্দায় তাঁর উপস্থিতি প্রত্যক্ষ করেছি। এটাই আমার পরম প্রাপ্তি।

হাকীকত, মা'রেফতের কিছু কিছু পারিভাষিক শব্দের ভাব বহনোপযোগী বাংলা শব্দ না পেয়ে আমি তা অনুবাদের ব্যর্থ চেষ্টা করিনি, হুবহু রেখে দিয়েছি, এটুকু আমার কৈফিয়ত। সার্থকতার কোন দাবী আমি করি না, কেবল কবূলিয়তের জন্য ফরিয়াদ জানাই রাব্বুল আলামীনের দরবারে।

বিনীত

রুহুল আমীন খান

Scanned with CamScanner

সূচীপত্র

হাম্‌দ	-	৯
না'তে রাসূল (সা.)	-	১১
কাসীদায়ে না'তিয়া	-	১৩
পিয়ারা রাসূল (সা.)	-	১৫
মীলাদুন্নবী (সা.)	-	১৮
হাদিয়ায়ে সালাম	-	২০
কমলীওয়ালা	-	২২
দস্তে করম	-	২৪
আরমান	-	২৬
জিয়ারত	-	২৮
নজরে করম	-	৩০
ইলতিজা	-	৩২
মি'রাজুন নবী (সা.)	-	৩৪
লাইলাতুল মি'রাজ	-	৩৭
পীরানে পীর	-	৩৯
শাহজালাল (রহ.)	-	৪১
আরজে হাল (হযরত বদরপুরীর প্রতি)	-	৪৩
তাওবাহ	-	৪৫
শেকওয়ায়ে দরবারে যুলজালাল	-	৪৭
আরজে হাল	-	৪৯
দাওয়ায়ে গোলামী	-	৫১
নাদামত	-	৫৩
মালামত	-	৫৫
হাছরত	-	৫৭
এযালায়ে গাফলত	-	৫৯
পন্দ	-	৬১
তম্বিয়া	-	৬৩
দোয়া	-	৬৬
বাংলা উচ্চারণ	-	৬৮
মুনাজাতে ইয়াকুবী	-	৮৪
প্রথম সংস্করণের ভূমিকা (জাতীয় অধ্যাপক দেওয়ান মোহাম্মদ আজরফ)		৯৪
বাংলার রূমী (ছাহেব কিবলাহকে নিবেদিত কবিতা)	-	৯৬

Scanned with CamScanner

حمد باری تعالیٰ عزّ اسمہٗ

حمد کیسے کر سکوں یہ کام ہے ابرار کا ∴ ہے نمائش خلق عالم مخزنِ اسرار کا
ہے جہاں کا سب اُجالا اک تجلّی ذات کی ∴ جنس انساں پر تجلّی احمدِ مختار کا
نورِ احمدؐ سے اُجالا کر دلِ تاریک کو ∴ ہے پیاسا دل میرا اس شربتِ دیدار کا
عرش سے تا فرش کارِ کارسازِ بے نیاز ∴ ہے نمونہ احمدِ مختار خُلقِ ذات کا
خوئے یزدی خوئے احمدؐ میں نمایا ہو گیا ∴ خلق احمد کارسازی کی نہایت کار کا
ہے خلاصہ خلقِ عالم کا محمد صلی اللہ علیہ وسلم مصطفےٰ ∴ جنکی خلقت ہے تعارف کی سبب اللہ کا
باعثِ پیدائشِ ارض و سما احمدؐ ہی ہے ∴ ہے شفاعت باعثِ بخشائشِ بدکار کا
رکھ اُمیدِ دل قلندر حشر کی کرتا رہے ∴ ہے شفاعت کی اجازت احمدِ مختار کا

احمدِ مختار تجھکو حشر میں گر دیکھ لے
لاج اُن کو ہے کہ تو ہو قابلِ پٹکار کا

Scanned with CamScanner

হাম্‌দ

তোমার তারীফ করার ক্ষমতা
রাখেন কেবল ওলী ও আব্‌রার[১]
কুল আলমে সবার মাঝে
প্রকাশ তোমার রূপ মহিমার ।।
নিখিল সৃষ্টি বিশ্বভুবন
তোমার জাতের নূরেতে রওশন
ধন্য মানব করিয়া হাসিল
নূর মোবারক রাসূলে খোদার ।।
আয় খোদা! নূর-পরশে নবীর
উজালা করো মনের-তিমির
করো গো শীতল তৃষিত হৃদয়
দান করে তার শরাবে দীদার ।।
আরশ থেকে মাটি এ ধরার
সৃজনলীলার চারু সমাহার
খোদায়ী স্বভাবের নমুনা আহমাদ
অসিলা তিনি খোদাকে পাবার ।।
গুণ-গরিমা যতো ইলাহির
বিকশিত সব স্বভাবে নবীর
মোহাম্মদ মোস্‌তাফা প্রতীক
লা-শরীক আল্লা'কে চিনবার ।।
মোহাম্মদ মোস্‌তাফার জন্য
সকল সৃষ্টি— নিখিল ধন্য
কেবলি ভরসা তাঁর শাফায়াত
পাপী তাপীদের তরিয়ে যাবার ।।
ভয় করোনা হে কলন্দর
ভরসা রাখো হৃদয় মাঝার
হাশরের কাণ্ডারী হযরত
শাফায়াতের সেইতো মোখ্‌তার ।।
দয়াল নবী দেখিয়া তোমায়
হাশরে যেন শরম না পায়
তাহার প্রেমে বিলাও জীবন
হও হুঁশিয়ার হে কলন্দর ।।

---

১. আবরার ঃ পুণ্যবানগণ

Scanned with CamScanner

نعتِ رسول صلی اللہ علیہ وسلم

رنگ لایا ہے جہاں میں سیّدِ ابرار سے
گلشنِ عالم اُجالا گل بن اسرار سے

روئے خورشیدِ رسالت ہے درخشندہ جہاں
ہے شعاعِ نور افزا مخزنِ انوار سے

مظہرِ انوارِ وحدت ہے محمد صلی اللہ علیہ وسلم مصطفٰے
گنجِ عرفاں رازدارِ سازِ ہے اقرار سے

ذاتِ احمد کی تجلّی ہے معلّق عرش سے
ہے صدائے مرحبا غلمان سے احرار سے

نورِ ذاتی نورِ احمدؐ میں فرق اتنا ہی ہے
آفریدہ نورِ احمدؐ ذات کی انوار سے

شمس و قمر برگ و شجر مدحِ رسالت میں ہے
آفریں سب آفریں ہے ذاتِ کردگار سے

خاکِ یثرب ہے منوّر نورِ احمد سے سدا
ہے تجلّی اے قلندر سیّدِ کونین سے

Scanned with CamScanner

না'ত-এ রাসূল (সা.)

বিশ্বনবীর আবির্ভাবে জাগল মহাসাড়া
হাসল কুসুম বিশ্বভুবন পুলক মাতোয়ারা ।
রিসালতের সৌরকরে হাসল ভূমন্ডল
সে নূর মেখে হলো সবাই দীপ্ত সমুজ্জ্বল ।
খোদার নূরের বিকাশ-ভূমি মোহাম্মদ রাসূল
মা'রেফতের তত্ত্বভেদের তিনিই আদিমূল ।
মোহাম্মদের নূর শোভা পায় আরশে মোয়াল্লায়
জান্নাতে সব হুর-গেলেমান নান্দী তাঁহার গায় ।
খোদার নূরে— নবীর নূরে এইটু' ফরক— দূর
সৃষ্টি খোদার নূরের দ্বারা মোহাম্মদের নূর ।
রবি-শশী, বৃক্ষ-লতা গাইছে নবীর গান
নবীর নূরের দ্বারাই হলো পয়দা দোজাহান ।
নবীর নূরে নূরান্বিত ইয়াসরিবের[১] মাটি
হে কলন্দর সে নূর মেখে হও নূরানী— খাঁটি ।

১.ইয়াসরিব ঃ মদীনা শরীফ ।

Scanned with CamScanner

قصیدۂ نعتیہ

محمد صلی اللہ علیہ وسلم ہے خورشید[1] پیمبر سب اختر[2]
محمد صلی اللہ علیہ وسلم ہے محبوب بچون داور

عرش کی نصیب جلالت محمد صلی اللہ علیہ وسلم
ملائک کو بہراوری ہے محمد صلی اللہ علیہ وسلم

دو عالم میں سارا ہیں محروم رحمت
خدا سے لئے بانٹتے ہے محمد صلی اللہ علیہ وسلم

اَحد سے ہے احمد میں اتنی جُدائی
کہ میم جُدائی الگ کی خُدائی

اسی سے اشارہ کہ احمد صلی اللہ علیہ وسلم ہے مخلوق
وگرنہ ہے مُظہر وہ ذاتِ خُدائی

خدا کو جو دیکھے محمد صلی اللہ علیہ وسلم سے دیکھے
بجز ذاتِ احمد حجابِ جُدائی

قلندر نظر روزن پاک پہ رکھ
وہاں پہ ہے ساری عنایت خدائی

---

[1] - اصل میں خورشید بمعنی سورج۔ [2] - اختر - تارا۔

Scanned with CamScanner

নবী-প্রশস্তি

মুহাম্মদ মোস্‌তাফা আফতাব[১]
সিতারা[২] নবী সবাই
মোহাম্মদ পিয়ারা আল্লার
তাঁর সমতুল কেহ নাই।
ধন্য হলো আরশ খোদার
পেয়ে দীদার মোস্তফার
খোশনসীব ফেরেশতাকুলের
লভিয়া তাঁহার দীদার।
খোদার রহমত পাবার আশে
কুল[৩] আলম পাগলপারা
নবী বিলান সর্বজনে
সেই পূত রহমত-ধারা।
আহাদ ও আহমাদের মাঝে
কেবল ফরক এই তো ভাই
মীম রয়েছে আহ্‌মাদে আর
আহাদে সেই মীমটি নাই।
ইশারা এই— স্রষ্টা আহাদ
আর আহমাদ সৃষ্টি তার
নূরেখোদার প্রকাশ ভূমি
সত্তা নবী মুস্তফার।
লা-শরীক আল্লা'কে যে জন
এই দুনিয়ায় দেখতে চায়।
সে যেন তাঁর নূরের প্রতীক
আহমাদের পানে তাকায়।
তাকিয়ে থাকো হে কলন্দর
সদা তাঁর রওযা-পানে
খোদার নিয়ামত দান এনায়েত[৪]
সঞ্চিত সব সেইখানে।

---

১. আফতাব ঃ সূর্য ২. সিতারা ঃ নক্ষত্র, তারকা ৩. কুল ঃ সারা, সমস্ত ৪. এনায়েত ঃ দয়া, দান

Scanned with CamScanner

বই নং-
মোবাঃ ০১৬২১-৮৮৮৯৯৯

پیارا رسول صلی اللہ علیہ وسلم

نورِ نظر عاشقاں اللہ کا پیارا رسول ؛ دستگیرِ بیکساں اللہ کا پیارا رسول

جاکنی کی ہول میں اُمت پریشاں جب رہے ؛ عاشقوں کے سامنے ہو رونما پیارا رسول

گور کی وحشت کدہ[1] میں آئے جب منکر نکیر ؛ اُمتِ گرویدہ کا ہو سامنے پیارا رسول

ہو نخستی روزِ محشر جب خدا کے سامنے ؛ سر گرائے روبرو عرشِ خدا پیارا رسول

سر بہ سجدہ مغفرت اُمت کی خواہاں ہو رسول ؛ حکم ہوگا سر اُٹھا لو سجدہ سے پیارا رسول

تم جہاں تک ہو پریشاں خاک پر رکھ کے جبیں ؛ ملتوی دیوانِ محشر سب رہے پیارا رسول

میں شفاعت کی اجازت عام تمکو دیدیا ؛ خواستگاری رد نہوگی جو کرو پیارا رسول

بخششِ اُمت میری ہو اے خدا یہ عرض ہے ؛ ذاتِ باری سے تسلی دینگے اے پیارا رسول

اُمتوں سے تم نہو شرمندہ ہرگز حشر میں ؛ مجرموں کی ہے خلاصی گر کہو پیارا رسول

تلملائے[2] ہو پیاسا حشر میں اُمت رسول ؛ حوضِ کوثر سے پلائے ہاتھ سے پیارا رسول

دل میں تیرے رکھ قلندر التجا دستِ کرم ؛ موجزن بحرِ کرم ہے تو بنے پیارا رسول

اُمتِ عاصی کی بخشش عرض ہے تجھ سے خدا
بارہا یہ التجا پیشی کرے پیارا رسول

---

[1] وحشت کدہ۔ ہولناک جگہ۔ [2] تلملائے۔ بیقرار۔

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

প্রিয় রাসূল (সা.)

আশেকগণের নয়ন-জ্যোতি
আল্লাহর প্রিয় রাসূল
অসহায় ও অভাগাদের
পরম শরণ বিপদ কালের
আল্লাহর প্রিয় রাসূল ।।

কঠোর কঠিন বিপদে যখন
উম্মত হয় পেরেশান
নিকটে তখন আশিকগণের
বাড়িয়ে দু'হাত হন গো হাজের
আল্লাহর প্রিয় রাসূল ।।

ভয়াল ভীষণ কবরে যখন
পৌঁছেন মুন্‌কার নকীর
উম্মতের সে কঠিন সময়
আঁধার কবরে হন গো উদয়
আল্লাহর প্রিয় রাসূল ।।

ভীষণ হাশরে খোদার হুজুরে
সব যখন হবে হাজির
তখনি ত্রস্তে যাবে গো ছুটিয়া
আরশ তলে পড়িবে লুটিয়া
কাণ্ডারী দয়াল রাসূল ।।

সজুদে থাকিয়া গুণা-খাতা মাফ
চা'বে গুনাগার উম্মাতের
হুকুম তখন হবে ইলাহীর
তোলো তোলো শির হয়ো না অধীর
হে আমার প্রিয় রাসূল ।।

Scanned with CamScanner

তুমি যতোক্ষণ থাকিবে এভাবে
সিজদাতে লুটিয়ে শির
হিসাব-নিকাশ বিচার-আচার
মুলতবী সব থাকিবে আমার
হে আমার প্রিয় রাসূল ।।

কহিবে নবীজী উম্মা'কে মোর
মাফ করে দাও আয় খোদা
তখনি মাওলা কাদের গনি
শুনিয়ে দিবেন অভয় বাণী
শান্ত হও প্রিয় রাসূল ।।

হাশর মাঠে তোমার উম্মত
কেউ হবেনা লজ্জিত
তুমি শাফায়াত করিবে যাকে
আমিও ক্ষমা করিব তাকে
হে আমার প্রিয় রাসূল ।।
দারুন পিয়াসে উম্মা' যখন
হবে হাশরে লবেজান[১]
কাওসারের সে অমীয় পানি
পান করাবেন তখনি আনি
সাকীয়ে[২] কাওসার রাসূল ।।
হে কলন্দর হৃদয় মাঝে
ভরসা রেখো তাঁর দয়ার
সে দয়া-সাগর ঊর্মী মুখর
এখন কেবল উচিৎ তোমার
হওয়া আশিকে রাসূল ।।

১. লবেজান ঃ ওষ্ঠাগত প্রাণ, হয়রান ২. সাকী ঃ পান করানেওয়ালা

Scanned with CamScanner

میلادُ النبی صلی اللہ علیہ وسلم

چمک اُٹھا مُقدّر کا ستارا عالمیں ایکدم
رکھا جب فرش پر پائے نبی دُرِّ بنی آدم
خریفی باد سے جب گر گئی برگ و گل عالم
ربیعی باد سے بارِ دیگر تازہ ہُوا عالم
رکھا مکنون عالم کی بصارت سے زمانہ تک
ہویدا ہو گیا دُر یگانہ شاد مُعلّٰی تک
خدا ہے ربّ عالم پھر محمد صلی اللہ علیہ وسلم رحمتِ عالم
جہاں ذاتِ الٰہی ربّ وہاں وہ رحمتِ عالم
رکھا مکنون وحدت میں جمالِ ذاتِ احمد کا
نمایا ہو گیا ثمرہ بہارِ باغِ وحدت کا
مقدم تھا سب ہی پر خلق میں وہ ذات نورانی
ظہورِ نور میں تاخیر یہ حکمت ذاتِ یزدانی
حجاب اس نُور سے باعث ہوا اہلِ جہنّم کا
حصُولِ نُورِ احمد ہے کمالِ خلق عالم کا
تیری آنکھیں کرے روشن قلندر نُورِ احمد سے
تجھے پروا نہیں ہرگز سزا نارِ جہنّم کا

Scanned with CamScanner

মীলাদুন্নবী (সা.)

চকমকিয়ে উঠ্‌ল জ্বলে বিশ্বলোকের ভাগ্য-তারা
মানব-রতন নবী যখন এলেন ধরায় জাগল সাড়া।
বিশ্ববাগের কুসুম কলি ঝরল যখন হিমেল ঝড়ে
এলো নবীন বসন্ত ফের আসলে নবী ধরার 'পরে।
মুক্তো ছিল বিশ্বলোকের দৃষ্টি আড়াল গুপ্ত দূরে
আবির্ভাবে সেই মুকুতার আরশ-ফরশ[১] হাসল নূরে।
বিশ্বপালক আল্লা'তালা রহম সেথা দয়াল নবী
যেইখানে রব আল্লা'তালা রহম সেথা রসূল-রবি।
মোহাম্মদের সত্তা-জ্যোতি দীপ্ত আহাদমোতির মাঝে
আল্লা' আহাদ গুলিস্তানে গুল আহমাদ ওই বিরাজে।
সৃজনলীলার আদিম তিনি সৃষ্টি তাঁহার সবার আগে
জহুর[২] তাঁহার সবার শেষে এই দুনিয়ার মানব বাগে।
নবীর সে নূর দেখল না যে নিবাস তাহার জাহান্নামে
যে খোশনসীব দেখল সে নূর শান উঁচু তার সব মাকামে[৩]।
হে কলন্দর নয়ন তোমার করো উজাল নবীর নূরে
নাই পরোয়া জাহান্নামের শাস্তি সাজা থাকবে দূরে।

১. ফরশ ঃ দুনিয়া, ভূভাগ ২. জহুর ঃ প্রকাশ ৩. মাকাম ঃ স্থান

Scanned with CamScanner

ھدیۂ سلام

بدربارِ رسالت

سلام اے رحمتِ عالم ملائک ربّ سبھی کا ہو
غلامِ بے وفا بدنام کا تسلیم گورا ہو
غریبوں کا گذر یارب درِ دولت مدینہ ہو
قدم گاہِ نبی دیکھ کر تڑپ دل کی سکینہ ہو
غبارِ پا رسول اللہ میری آنکھوں کا سُرمہ ہو
ہمے روضہ کے درسن سے دلِ تاریک اُجالا ہو
میرے آقا میرے مولیٰ بہت دوری سے آیا ہوں
نظر مجھ پر کرم کا ہو میری قسمت اُجالا ہو
تمھاری در کا مہمان ہوں گدائی در پہ لایا ہوں
تہی زنبیل حاجت کو درِ دولت پہ لایا ہوں

Scanned with CamScanner

রাসূল (সা.)-এর প্রতি সালাম আরজ

রব[১]-মালায়েক[২] সবার সালাম তোমায় হে রহমতের নবী
এই অধমের সালাম কবূল করো করো নূরের রবি ।
পাক মদীনায় যাবার তৌফিক গরীবদেরে দাও খোদা দাও
জিয়ারাতে কদমগা[৩] তাঁর সব তাপিত পরান জুড়াও ।
নবীর কদমধূলো চোখের বানাও সুরমা বারী তালা
তাঁর মোবারক রওজা দেখে হোক এ আঁধার দিল উজালা ।
সুদূর পান্থ পাড়ি দিয়ে হাজির আমি আকা[৪] মাওলা[৫]
দয়ার চোখে তাকাও তুমি ভাগ্য আমার হোক উজালা ।
তোমার মেহ্মান শূণ্য ঝোলা নিয়ে হাজির শাহী দ্বারে
তোমার দয়ার ভিখারী সে করিও না নিরাশ তারে ।

১. রব ঃ প্রতিপালক, আল্লাহ তা'লা । ২. মালায়েক ঃ ফেরেশ্তাগণ , ৩. কদমগা ঃ পা রাখার স্থান, ব্যপকার্থে আবাসস্থল, ৪. আকা: মনিব, মালিক, ৫. মাওলা : প্রভু, অভিভাবক ।

Scanned with CamScanner

کملی والا

تمہارا نام جب سے محمدؐ تم سے جگ ہے اُجالا
کوئی کہے محبوبِ خدا کوئی تو کملی والا

خدا نے تم کو نُور سے بنایا شکل بشر بنا کر دیکھایا
دنیا میں تم ہو راج والا حشر میں تم تاج والا

دنیا ہے سارا تمہارا وسیلہ خدا کی رحمت تمہی سے ملا
عرش و فرش کو تم سے شرف تم خُدا کا راز والا

راج خدائی کی تمہی ہو نعمت تمہاری کارن خدائی دولت
سب ہی کو تم سے ملی ہے عزت تم نبی ہو شان والا

حشر میں ہمکو تمہی نبھانا ہمہی تو ہوں جب تمہاری اُمّت
دامن کو ہم نہیں چھوڑینگے تمہی تو ہو جب شفاعت والا

Scanned with CamScanner

কামলীওয়ালা

মোহাম্মদ মোস্তফার নূরে
কুল[১] জাহান উজালা

(তাঁরে) কেউ বলে মাহবূবে খোদা
কেউবা কামলী ওয়ালা ।।

নূর দিয়ে বানালেন তোমায় ফের মানুষের সুরতে
এই দুনিয়ায় পাঠাইলেন তোমায় খোদাতালা ।।

দুনিয়াতে রাজওয়ালা[২] তুমি তাজওয়ালা[৩] রোজ হাশরে
তোমার তরে বিশ্ব তুমি খোদা পাবার অসিলা ।।

খোদায়ী ভেদের তত্ত্বজ্ঞানী, দৌলত, নিয়ামত সব কিছু
পায় সকলে তোমার জন্য, পায় যে বিজয় মালা ।।

পার করে নিও হাশরে আমরা যে উম্মত তোমার
ছাড়বনা দামান[৪] তোমার কেউ আয় শাফায়াত ওয়ালা ।।

---

১. কুল ঃ সারা, সমগ্র ২. রাজওয়ালা ঃ অধিপতি, সম্রাট ৩. তাজওয়ালা ঃ মুকুটধারী
৪. দামান ঃ পোশাকের নিচের অংশ, আঁচল, দামনগীর, অঞ্চলধারী, সাহায্য প্রার্থী ।

Scanned with CamScanner

دستِ کرم

جاں کنی کے سامنے چہرا دیکھا لینا مجھے
سینہ پہ دستِ کرم رکھ کے بنھا لینا مجھے

اے محمد صلی اللہ علیہ وسلم حشر میں ساتھی بنا لینا مجھے
روزِ محشر دست اپنے سے پلا لینا مجھے

اُمتوں میں بے نوا مجھسا اور کوئی نہیں
شرمسارم اپنی دامن میں چھپا لینا مجھے

جب ترازو کے کنارے آپ ہی ہونگے کھڑا
دامنِ رحمت میں اس دم میں چھپا لینا مجھے

راہ جنّت میں ہمیں جب روک لے کرّوبیاں
ساتھ اپنی اُمتوں کے لے بُلا لینا مجھے

ہو پریشاں حشر میں جب اُمّت کل انبیأ
اس تعارف کے وقت اُمّت میں گِن لینا مجھے

ہو اگر اُمّت قلندر تجھکو کیا پھر فکر ہے
عاصیوں میں گرچہ ہوں میں پھر چھڑا لینگے مجھے

Scanned with CamScanner

দয়ার্দ্র হাত

মরণকালে দেখাও আমায় রাসূল তোমার চাঁদবদন
সিনায় রেখো হাত মুবারক করো আমার ভয় হরণ।
রোজ হাশরে সাথী করে নিও গো তোমার সাথে
পিলাইও আবে কাওসার দয়া করে নিজ হাতে।
আমার মত কেউ অসহায় উম্মা' মাঝে নেই যে আর
দয়ার চাদর দিয়ে তোমার ঢেকে দিও লাজ আমার।
মীযানের সম্মুখে যখন দাঁড়াইব হে দয়াল
রক্ষা করো, রেখো আমায় তোমার চাদর-অন্তরাল।
ফেরেশতারা যখন আমার রুখবে রাহা[১] জান্নাতের
নিও তখন সঙ্গী করে সাথে সকল উম্মতের।
হবে যখন সকল নবীর উম্মতেরা পেরেশান
পরিচয় দানিয়া সেদিন করো আমায় অভয় দান।
উম্মত তাঁহার হও গো যদি হে কলন্দর ভয় কি আর
পাপী তুমি হলেও তোমায় নিবেন করে সেদিন পার।

১. *রাহা ঃ রাস্তা*

Scanned with CamScanner

ارمان

دِل مِرا مُشتاق ہے دیدار مدینہ
تسلیم روضہ سے ملے دِل میں سکینہ

اے رب تیرے محبوب کا دیدار دیکھا دے
دِل میرے کو مخزنِ اَسرار بنا دے

آفاق سے آتا ہے صدا ہدیۂ تسلیم
دل پہ گدا کرنے آیا اپنے کو تسلیم

خاکِ مدینہ ہمے محبوب جہاں ہے
دِل فِدا جس خاک پہ محبوب خدا ہے

ملجائے مشتاق کو گر بوئے پسینہ
مرکزِ انوار ہم اَسرار ہو سینہ

نظرِ کرم دِل میں لئے در پہ آیا ہوں
زنبیل گدائی لئے میں در پہ کھڑا ہوں

মক্কা শরীফ : ১৯৯১

Scanned with CamScanner

প্রত্যাশা

মন যে আমার পাগলপারা দেখতে মদীনা
রওজাতে তাসলীমে[১] আসে হৃদে সকীনা[২] ।
প্রভু আমায় দাওগো দীদার তোমার পিয়ারার
কলব[৩] আমার মা'রেফতের বানাও গো ভাণ্ডার ।
সারে জাহাঁ থেকে আসে সালামী ঢৌকন
এলো অধম করতে তোমায় আত্মসমর্পণ ।
বিশ্বভুবন থেকে প্রিয় খাক[৪] মদীনার
সে খাক তরে ফিদা[৫] যেথায় পিয়ারা খোদার ।
আশেক যদি লভে তোমার খোশবু পছিনার[৬]
বক্ষ নূরে মা'রেফতের কেন্দ্র হবে তার ।
ভিখের ঝুলি নিয়ে গো দীন[৭] দরবারে হাজির
দাও থোরা দাও দয়ার নজর বন্ধু ইলাহির ।

---

১. তাসলীম ঃ সালাম ২. সকীনা ঃ প্রশান্তি ৩. কলব ঃ অন্তর, হৃদয়
৪. খাক ঃ মাটি ৫. ফিদা ঃ উৎসর্গিত ৬. পছিনা ঃ ঘাম ৭. দীন ঃ ভিখারী

Scanned with CamScanner

زیارت

دل میرا بیمارِ فرقت حسرتِ کوئے رسولؐ
سر بسودہ[1] اشتیاق نکہت[2] بوئے رسولؐ

اشتیاقِ دید دل میں رونقِ رُوئے رسولؐ
زیبِ تن میرا خدا ہو برکتِ خوئے رسولؐ

ہے تمنّا دل میں ساری زندگی دیدار کی
حسرتِ دل رہ گیا جانا مجھے کوئے[3] رسولؐ

آنکھ کی سُرمہ ہماری خاکِ پائے زائراں
ہو شمیمِ بوئے دستِ زائرِ کوئے رسولؐ

چشمہائے کور[4] روشن کر دیا نظرِ رسولؐ
نورِ چشمِ عاشقاں ہے برکتِ موئے رسولؐ

لو لگائے رکھ قلندر روضۂ طیبہ سے تو
ہو کبھی نظرِ عنایت تجھ پہ پرتوئے[5] رسولؐ

دے مٹا حسرت مری ہے آرزو دیدار کی
خوابگاہ اس در پہ ہوتا دیکھ لوں روئے رسولؐ

১। سر بسودہ - দরদসর - ২। کوئے - গলি - ৩। نکہت - খুশবু - ৪। کور - অন্ধ - ৫। پرتو - ছায়া

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

জিয়ারত

নবীর গলির বিরহ-ব্যথায়
হৃদয় আমার বেকারার[১]
ব্যাকুল এ মন করিতে হাসিল
মাতোয়ালা খোশবু তার ।।

অধীর আকুল হৃদয় আমার
দেখিতে চমক তাঁর চেহারার
ভূষিত করো দেহ-মন মোর
আয় খোদা খাসলাতে[২] তাঁর ।।

সারা জীবনের বাসনা আমার
পাব কখন নবীর দীদার
মনের বেদনা রহিল মনেতে
চাহি জিয়ারত মদীনার ।।
চরন ধূলি যায়েরীনের[৩]
সুরমা হবে আমার চোখের
শুঁকিতে দাওগো এলো যে হাওয়া
সুরভি মেখে রওজার ।।

নূর নবীজীর নয়ন-জ্যোতি
অন্ধ চোখে জ্বালায় বাতি
আশিকগণের নয়ন-দ্যোতি
মোবারক চিকুর তাহার ।।

কলন্দর অবিচল নয়নে
তাকিয়ে থাকো রওজা পানে
সহসা ভাগ্যে পারে জুটিতে
নজরেকরম মোস্তফার ।।

ব্যাকুল মনের আরজু আমার
কবুল করো আয় পরোয়ার
নসীবে আমার জুটিয়ে দাওগো
পিয়ারা নবীর দীদার ।।

---

১. বেকারার ঃ অস্থির ২. খাসলাত ঃ চরিত্র ৩. যায়েরীন ঃ জিয়ারত কারীগণ
৪. নজরেকরম ঃ কৃপা দৃষ্টি

Scanned with CamScanner

نظرِ کرم

کرم کی نظر جب پڑے مجھ پہ مولیٰ
کدورت مقدّر بدل جائے مولیٰ

قرن سے محبّت کا بو مِل گیا تھا
ہماری محبّت کا ثمرہ ملے عنایت ہو مولیٰ

گذرگاہ عالم ہے سارا تمہارا
اِدھر بھی گذر کا اُمید ہمکو مولیٰ

نہ دیکھے یقیں جب پڑا دلمیں میری
کرم کی نہایت ہو دیدار مولیٰ

یہ قدرت نہ ہوتی عنایت خدا کی
ادب ہم کو رُکھتا تمنّا سے مولیٰ

قلندر نظر روضۂ پاک پہ رکھ
کرم کی نظر تجھ پر ڈالینگے مولیٰ

Scanned with CamScanner

করুনা-দৃষ্টি

তোমার দয়ার দৃষ্টি যখন পড়বে আমার ওপরে
বদলে যাবে ভাগ্য আমার সেই করুনার নজরে ।।

কর্‌ন দেশের ওয়ায়েছকরনী পেলেন মোহাব্বতের ফল
আমার মোহাব্বতের পাওনা দাও খোদা দয়া করে ।।

সর্বক্ষণে সর্বস্থানে মাওলা তোমার বিচরণ
এদিক দিয়ে যাওনা ঘুরে এই আশা মোর অন্তরে ।।

না দেখেও ইয়াকীন যখন হয়েছে দিলে আমার
(তখন) দয়া করে ধন্য আমায় করো তোমার দীদারে ।।

তোমার দয়ায় এই ক্ষমতা না জন্মিলে দিলে মোর
আদব এসে দিত আমার এই বাসনায় বাধা রে ।।

রওজাপাকের পানে সদা দৃষ্টি রেখো কলন্দর
পড়বে তুমি তাহলে ঠিক দয়াল প্রভুর নজরে ।।

Scanned with CamScanner

اِلتجاء

خدا سے بھیک لیکر ہم مدینہ جانے والا ہے
درِ دولت حبیب اللہ سے آخر کچھ بھی لینا ہے

شرم ذاتِ خدا ہمکو بلا کر خالی پھرنا ہے
درِ پاکِ نبی سے ہم جو ہے ارمان وہ لینا ہے

خداوندا صدا آمد ہماری در پہ پہونچادے
کہ قافلہ گنہگاراں بہت دوری سے آتا ہے

مقام عرفہ طواف احرام غلامی کا نمونہ ہے
کہ آخر منزلِ مقصود ہمارا طیبہ جانا ہے

محمد صلی اللہ علیہ وسلم قاسم رحمت انہی سے ہم کو لینا ہے
کہ زنبیل گدائی ہے وہاں ساری خدائی ہے

قلندر بھیک لینا ہے خدا سے مانگ کر لے لے
درِ دولت مدینہ میں تمہارا دا باقی ہے

Scanned with CamScanner

নিবেদন

মাওলা থেকে ভিক্ষা নিয়ে পাক মদীনায় যেতে চাই
হাবীবুল্লার দরগা থেকে আমরা কিছু পেতে চাই ।।

লাজ তোমারি, ডেকে এনে ফিরাও যদি খালি হাত
বাসনা যা সবই নবীর দরগা থেকে নিতে চাই ।।

খোদা! মোদের আসার খবর নবীজীকে পৌঁছে দাও ।
গুনাগারদের এই কাফেলা আসছে থেকে সুদূর ঠাঁই ।।

ইহরাম, তাওয়াফ, আরফা-উকুফ[১] সব গোলামীর নমুনা
মনযিলে মকসূদ আমাদের হাবীবুল্লার কদম ভাই ।।

মোহাম্মদ রহমতের কাসেম[২] নিতে হবে তাঁর থেকেই
হাতে ভিখের শূণ্য ঝোলা খোদার ভাণ্ডার তাহার ঠাঁই ।।

হে কলন্দর যা নেবার তা খোদার থেকে নাও মেগে
রওজা গিয়ে রোদন ছাড়া করার তোমার কিছু নাই ।।

---

১. ইহরাম, তাওয়াফ, আরফা-উকুফ ঃ হজের বিভিন্ন কার্যাবলী ২. কাসেম ঃ বন্টনকারী

Scanned with CamScanner

معراج النبی ﷺ

کل جہاں کو مِل گیا ہے نُورِ احمد ﷺ سے چمک
عرشِ اَعلےٰ کو مِلا ہے ذاتِ احمد ﷺ سے چمک

معراج گاہِ اَنبیا مُرسل ہوئی پُشتِ زمیں
پائے احمدؐ سے مِلا ہے کُل مُعَلّٰے کو چمک

عرشِ اَعلےٰ پر بلانا خاص تھی احمدؐ کی شان
جنّتُ الماویٰ اُجالا ہے محمد ﷺ کا چمک

تھا مُصَلّٰی بیتِ اقصیٰ خوابگاہ بیت الحرم
گامزن[1] ایک بارگی سے شام کو آیا چمک

بیت اقصیٰ سے سما پر ہو گیا اُن کا گزر
مِل گیا کروبیاں[2] کو اُنکے قدموں سے چمک

خیرِ مقدم کے لئے مشتاق تھے کروبیاں
مرحبا سب کو مِلا ہے رُوئے احمدؐ سے چمک

منتظر تھا عرش و فرش و سدرہ و لوح و قلم
آفریں سب کے لئے ہے مل گیا سب کو چمک

دِل لگائے رکھ قلندر خاک پا احمد سے تو
پرتوئے[3] احمد پڑا جب ہو گیا سب میں چمک

---

[1] گامزن - قدم رکھنا۔ [2] کروبیاں - فرشتے - پرتوئے - سایہ

Scanned with CamScanner

মি'রাজ স্মরণে

আহমাদের নূরের আভায়
বিশ্বভুবন সমুজ্জ্বল
তাঁর নূরানী সত্তা-লোকে
আরশে নূরের নামল ঢল ।।

মিরাজগাহে[১] আম্বিয়াকুল[২]
এলেন নেমে ধরার পর
নবীর চরণ ধূলায় হলো
আরশেআযীম সমুজ্জ্বল ।।

আরশেআলায় দাওয়াত পাওয়া
আহমাদের একক শান
মোহাম্মদী নূরের আভায়
মাওয়া বেহেশ্‌ত সমুজ্জ্বল ।।

খাবগা[৩] যে তাঁর কাবার হারাম
আকসা[৪] তাহার জায়নামাজ
আহমাদের কদম চুমিয়া
শামের মাটি সমুজ্জ্বল ।।

সফর নবীর আকসা থেকে
সপ্ত আকাশ পথ ধরে
তাঁহার চরণ-পরশ লভি
ফেরেশতাকুল সমুজ্জ্বল ।।

মালাইকা[৩] ছিলো অধীর
জানাতে তায় খোশ আমদিদ
পুরল মনের আরজু তাদের
হেরে কদম সমুজ্জ্বল ।।

Scanned with CamScanner

লওহ্ কলম মুনতাহা আরশ
ছিলো অধীর প্রতীক্ষায়
ধন্য হলো সৃষ্টি জগৎ
পেয়ে সে নূর সমুজ্জ্বল ।।

নবীর কদম ধূলো মেখে
রাখো হৃদে কলন্দর
পরশে তাঁর সব কিছু তোর
হবে নূরে সমুজ্জ্বল । ।

---

১. মিরাজগাহ ঃ মিরাজের স্থান ২. আম্বিয়াকুল ঃ নবী-রাসূলগণ ৩. খাবগা ঃ স্বপ্ন দেখার স্থান
৪. আকসা ঃ মসজিদে আক্সা-বায়তুল মকদিস ৫. মালাইকা ঃ ফিরিস্তাগণ

Scanned with CamScanner

لیلۃ المعراج

(۲۷ رجب ۱۳۹۳ھ مطابق ۲۹ اگست ۱۹۷۳ء)

عجب رنگِ جہاں داری خداوندا جہاں پر ہے
گذرگاہِ بنی آدم فلک پر ہے ملک پر ہے
گذرگاہِ ملائک منتہی سدرا مُعلّٰے پر
ہوا منزل حبیب کبریا عرشِ مُعلّٰے ہے
ہوئی معراج سارے انبیا پشتِ زمیں ہر دم
عجب ذی النّون[1] کا معراج گاہ قعرِ سمندر ہے
ملائک حور و غلماں انبیا بولے مُبارک ہے
گذرگاہِ حبیب کبریا جب آسماں پر ہے
تمنّا میں رہیں سب انبیا افلاک پر ساری
مبارکباد سب بولے زہی قسمت ہماری ہے
ہماری خوش نصیبی ہے رسول اللہ آتے ہیں
ملک بولے رسول اللہ کی آمد خوش گواری ہے
نظر کروبیاں[2] کرتے سرورِ عرش اعلٰے ہے
گذر عرشِ بریں پر ہو ہماری بختیاری ہے
مُبارک ہے تیرے معراج قلندر خاکِ طیبہ میں
کہ نورِ چہرۂ انور عنایت ذاتِ باری ہے
فلک پر دیکھ کر انبیا سب مرحبا بولے
ہماری خوش نصیبی ہے سما پر آج دُلہا ری ہے

---

[1] ذی النون - حضرت یونس علیہ السّلام۔

Scanned with CamScanner

মিরাজ রজনী

কী মহিমা আল্লা' তা'লার মাটির জগৎ ছাড়ি
বনী আদম দূর নীলিমায় শূন্যে দিলেন পাড়ি ।
সিদরাতুল মুনতাহা হলো সীমা ফেরেস্তার
আরশে আলা শেষ সীমানা নবী মোস্তফার ।
সকল নবীর মিরাজ হলো মাটির দুনিয়ায়
ইউনুছ নবীর মাছের পেটে মিরাজ দরিয়ায় ।
নবী যখন আকাশ' পরে করেন পদার্পন
জাগল তখন দিকে দিকে পুলক-শিহরন ।
জানান তাঁকে খোশ আমদিদ নবী রসূল সব
মারহাবা মারহাবা ধ্বনি উঠল খুশীর রব ।
হুর গেলেমান ফেরেস্তাকুল সবাই মনের খোশে
মোবারক হো, মোবারক হো বলল মহাজোশে ।
বলেন সকল নবী রাসূল ছিলাম রাহা চেয়ে
ধন্য হলাম সবাই মোরা আপনাকে আজ পেয়ে ।
আহা! আহা! কী খোশনসীব আজকে আমাদের
দীদার পেলাম মেহমানের আর্শে আজীমের ।
কন মালায়েক ভাগ্য রবি উঠল মোদের ভালে
খোদার হাবীব এলেন হোথা আরশ সফর কালে ।
হে কলন্দর মিরাজ তোমার পাক মদীনার মাটি
নবী পাকের ওই চেহারা খোদার নূরের ঘাঁটি ।

Scanned with CamScanner

پیرانِ پیر

ہے فقیری کی نہایت نام تیرا دستگیر
مُقتدا ہو اولیأ کا ہے لقب پیرانِ پیر

"قُمْ بِاذْنِ اللّٰہ" سے مردہ جلایا آپؓ نے
تارِ برقی سا تجلّی سے جہاں ہوتا مُنیر

اللہ کا محبوب دِل ہے موجزن عشقِ نبی ﷺ
سرورِ کُل اولیأ ہے مُجتبےٰ پیرانِ پیر

یاد میں اللہ کے ڈوبے ہوئے مشغول تھے
یادگاری کیلئے خلوت کدہ کوہ ہے نظیر

آنکھ میں کعبہ لئے بیٹھے رہے مُدّت مدید
دِل تجلّی نورِ وحدت سے ہوئے روشن ضمیر

سنگِ کعبہ پر رہا ہے پردۂ مخمل حجاب
آشکارا ذات ہر جا شیر میں جیسا پنیر

سامنے کعبہ جو تھی مطلوب تھی کعبہ نواز
آنکھ پہ عینک ہے جیسا روئے صیّاد سوئے تیر

ذاتِ باری سے تعلق دِل بنا تصویر کش
کھینچ لی باغِ مدینہ سے بشارت سے بشیر

بوئے محبوب قلندر ہے نما بعد اد میں
نام نامی شہرۂ آفاق اُن کی دستگیر

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

পীরানে পীর

গাউসুল আজম আবদুল কাদির পীরানে পীর দস্তগীর
আউলিয়ার মোক্তাদা[১] তুমি বন্ধু মাবুদ ইলাহীর ।।

মুর্দা[২] তুমি করলে যিন্দা বলে 'কুম বিইজনিল্লা'
তোমার বরকী[৩] তাজাল্লীতে[৪] সারে জাহান হয় মুনীর[৫] ।।

খোদার বন্ধু হৃদে তোমার তুফান ইশ্‌কে রাসূলের
ওলীদের শাহান্‌শা' তুমি মুজতাবা[৬] পীরানে পীর ।।

ছিলে তুমি মস্‌ত[৭] ও বিভোর আল্লা' তালার ইয়াদে[৮]
মোরাকেবায় নির্জনতায় বিশ্বে তুমি বেনজীর ।।'

চক্ষে কাবার ছবি নিয়ে ধ্যানে ছিলে দীর্ঘ কাল
খোদার নূরের তাজল্লীতে হইলে গো রৌশনজমীর[৯] ।

কাবার পাথর আছে ঢাকা পর্দা দিয়ে মখ্‌মলের
দুধের প্রতি ফোটার মাঝে সুপ্ত যেমন রয় পনীর ।।

সামনে ছিলো কাবা বটে লক্ষ্য তো 'কাবা নওয়াজ'
চশমা চোখে তবু যেমন তীরই লক্ষ্য শিকারীর ।।

ছিল আল্লা' তালার সাথে টান হৃদয়ের দুর্নিবার
নিয়ে নেন মদীনা থেকে বশারত থেকে বশীর[১০] ।।

মাহবুবের খোশবু কলন্দর বাগদাদের গুল বাগিচায়
কুল আলমে সবার কাছে খ্যাত নামে দস্তগীর ।

---

১. মোক্তাদা ঃ অনুসরণীয় ২. মুর্দা ঃ মৃতদেহ, লাশ ৩. বরকী, বৈদ্যুতিক ৪.তাজাল্লীতে ঃ জ্যোতিতে
৫. মুনীর ঃ আলোকিত ৬. মুজতাবা ঃ পছন্দনীয় ৭. মসত ঃ আত্মহারা ৮. ইয়াদ ঃ স্মরণ
৯. রওশন জমীর ঃ আলোকিত হৃদয় ১০. বশীর ঃ সুসংবাদদাতা

Scanned with CamScanner

شکریہ

برقدومِ میمنت لزوم

حضرت شاہ جلال مجرّد یمنی رحمۃ اللہ علیہ

سایۂ رحمت ہمیں سلطان سلہٹ شاہ جلال ؒ ؎ سرگروہِ اولیا سلطان سلہٹ شاہ جلال ؒ

کفر کی کالی گھٹا جب خاکِ سلہٹ چھا گئی ؎ فیضِ باری آ گئی سلطان سلہٹ شاہ جلال ؒ

خاکِ سلہٹ کی نحوست دور ہونے جب لگی ؎ ابرِ رحمت بھیجدی سلطان سلہٹ شاہ جلال ؒ

پھول نکلا تھا نخستیں حرّۂ ارضِ یمن ؎ بوئے گل پھیلا دیا سلطان سلہٹ شاہ جلال ؒ

بت پرستی جس زمیں کی شیوۂ اہلِ زمیں ؎ توحید سے چمکا دیا سلطانِ سلہٹ شاہ جلال ؒ

راستے میں جب رُکا تھا سورما بحرِ عمیق ؎ تھا مصلّیٰ کشتیٔ سلطانِ سلہٹ شاہ جلال ؒ

توڑ دی اذان سے جس نے منارِ عالی مقام ؎ خادمِ گرویدہ تھا سلطان سلہٹ شاہ جلال ؒ

تبنوریں[1] چھوپے ہوئے جب راجہ گور گوبند ؎ آڑ میں بتلا دیا سلطان سلہٹ شاہ جلال ؒ

یہ کرامت دیکھ کر تسلیم خم راجہ گبند ؎ ہاتھ پر سب دیدیا سلطان سلہٹ شاہ جلال ؒ

مرد و ماں حاصل کئے ہیں سایہ پر اُن کے کمال ؎ ہے معطّر آج تک درگاہِ حضرت شاہ جلال ؒ

اے قلندر جن پہ ہے نظرِ عطوفت ذوالجلال

مِل گیا کونین میں سب حشمت و عزّ و جلال

---

[1] تبنور - ڈھول -

Scanned with CamScanner

হযরত শাহ্ জালাল (র.)

রহমতের ছায়া আমাদের সিলেট-সুলতান শাহ্জালাল
বাদশা তুমি পীর ওলীদের সিলেট-সুলতান শাহজালাল ।।

কুফ্রী মেঘের ঘনঘটায় সিলেট যখন অন্ধকার
এসে গেলো ফয়জে বারী[১] সিলেট-সুলতান শাহজালাল ।।

ঘনিয়ে এলো সময় যখন পাপ অভিশাপ দূর করার
রহমতী মেঘ রূপে এলেন সিলেট-সুলতান শাহজালাল ।।

ইয়েমেনের গুলিস্তানে ফুটেছিল লাল গোলাপ
সুরভি তার ছড়িয়ে দিলেন সিলেট-সুলতান শাহজালাল ।।

যেই জমিনে করত বিরাজ মুর্তি পুজার অভিশাপ
চমকালো তৌহিদ নূরে তা' সিলেট-সুলতান শাহ্জালাল ।।

তরঙ্গময় সুরমানদী পড়ল যখন সম্মুখে
মুসল্লা[২] তার কিশ্তি হলো সিলেট-সুলতান শাহ্জালাল ।।

আজান-ধ্বনি দিয়ে যিনি ভাঙেন বিশাল রাজ-মিনার
গরবিদা আছিল খাদেম সিলেট-সুলতান শাহজালাল ।।

ঢোলের ভেতর লুকিয়ে ছিল রাজা গৌরগোবিন্দ
গুপ্ত সে ভেদ জানিয়ে দিলেন সিলেট-সুলতান শাহ্জালাল ।।

এই কারামত দেখে রাজা করলো আত্মসমর্পন
ন্যস্ত সবই করলো হাতে সিলেট-সুলতান শাহ্জালাল ।।

লাভ করিল তার অসিলায় কামালতী ব্যক্তিগণ
আজও দ্বীনের খোশবু বিলান সিলেট-সুলতান শাহ্জালাল ।।

আয় কলন্দর! খোদার ক্ষমার ছায়া আছে যার পরে
এই দুনিয়ায় সব মেলে তার হাশমতো[৩] এজ্জো[৪] জালাল[৫] ।।

---

১. ফয়জে বারী ঃ আল্লাহর অব্যাহত ঐশ্বর্য ও প্রাচুর্য, ২. মুসল্লা ঃ জায়নামাজ, ৩. হাশমত ঃ প্রতাপ, ৪. এজ্জোঃ সম্মান, ৫. জালাল ঃ মহিমা, আড়ম্বর

Scanned with CamScanner

عرضِ حال

(۰ حضرتِ شاہ محمدؐ یعقوب بدرپوری رحمۃ اللہ علیہ)

در طفولیت چراغ روز روشن گشتہ ئی
نام یعقوب شہرۂ آفاق حاتم گشتہ ئی

در فقیری بود شاہی ہم دوائے رنگ دل
آئینہ دیدار نورِ مصطفےٰ ہم گشتہ ئی

روح بر افلاک ہر دم جسم بر پشتِ زمیں
نازنین حضرت محمدؐ مصطفےٰ ہم گشتہ ئی

دل درخشاں شمع تاباں دُرِ دریائے ملکِ سند
آفتابِ ایں زماں در معرفت ہم گشتہ ئی

اے چراغ معرفت بحرِ عنایت علمِ دیں
بالیقیں تو قاسمِ علمِ نبوّت گشتہ ئی

عرضِ حالِ ما غریباں بر یتیماں بنگری
ماہ کنعاں در حجابِ ابر رحمت گشتہ ئی

❦

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

আত্মনিবেদন

শৈশবেই ছিলে তুমি সূর্য সম দীপ্তিমান
নামটি য়াকুব হাতেম বলে ছড়িয়ে গেল খ্যাতির গান।
ছিলে তুমি ফকীর বটে হৃদয় ছিল শাহানশার
বেলোয়ারী মুকুর তুমি দীদার পেতে মোস্তফার।
মাটির ধরায় থাকত দেহ, ঊর্ধাকাশে আত্মা মন
তুমি ছিলে নূরের নবী মোহাম্মদের প্রিয়জন।
ভারত ভূমি উজাল হলো জ্যোতি-আভায় অন্তরের
মা'রেফতের দীপ্তরবি ছিলে তুমি এই কালের।
ইলমে দ্বীনের সাগর তুমি মা'রেফতের লাল মশাল
ইল্‌মে নবুয়াতের কাসেম তোমার কোনো নাই মেছাল।
কেনান ভূমির চন্দ্র ওগো বাদল ধারা রহমতের
আরজী মোদের, খবর রেখো এই অসহায় এতীমদের।

Scanned with CamScanner

توبہ

ہاتھ جوڑے اے خدا میں حاضرِ دربار ہوں
بندگاں تیرے ہیں یارب میں بڑا بدکار ہوں

تم اگر چھوڑو مجھے میں چھوڑ کر جاؤں کہاں
آستاں پر سر گرائے حاضرِ دربار ہوں

میں اگر محروم ہوں تو ہے تیرا بندہ بہت
تم سے دوری میں خدایا دو جہاں کا خوار ہوں

ہانکنا بندہ کو تیری ذات کی عادت نہیں
ہاتھ پھیلائے اُمیدِ مغفرت سرکار ہوں

رکھ اُمید دل قلندر ہے شفیع المذنبین
نام احمد صلی اللہ علیہ وسلم کا وسیلہ لے کھڑا دربار ہوں

لاتا ہوں دربار میں وسلت محمد مصطفٰے
بخش مجھکو اے خدا میں بندۂ بے کار ہوں

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

তওবা

হাত জোড় করে আমি বান্দা গুনাগার
হাজির হয়েছি প্রভু দরগায় তোমার ।
বান্দাদের মাঝে আমি সর্বাধিক পাপী
তাড়াইয়া দিলে তুমি কোথা পাব মাফী ।
আমি ছাড়া বান্দা তব আছে বেশুমার
আমার তো তুমি ছাড়া প্রভু নাই আর ।
তুমি যদি ফেলে দাও গতি নাই আর
উভয় জাহান মোর শুধু অন্ধকার ।
তোমার তো শান নয় ওহে পাকজাত
বান্দাদের ফিরাইয়া দেয়া খালি হাত ।
ক্ষমাশীল প্রভু ওগো গাফ্‌ফার গফুর
ফরিয়াদ করো মোর কবূল মঞ্জুর ।
হৃদয়ে ভরসা রাখো ওহে কলন্দর
শাফিউল মুজনিবীন অসিলা তোমার ।
নবীজীর অসিলায় যতো মোর পাপ
আয় খোদা দয়াময় সব করো মাফ ।

Scanned with CamScanner

شکوہ دربارِ ذوالجلال

(از زندانِ سلہٹ)

اے خدا محبوس ہوں محبوس ہوں تیرے لئے
ہیں اگر رسوا ہوا، رسوا ہوا تیرے لئے

خلقِ زمین و آسمان بحر و خلا تیرے لئے
اے خدا بے آسرا ہوں ہیں گدا تیرے لئے

بحرِ کرم اِک آن میں لائے تو جولاں میں
بندہ نوازی کر خدایہ لاج ہے تیرے لئے

کوئی نہیں مرا آسرا، کوئی نہیں مراہم نوا
بہتا پھرا دریا میں ہوں اے خدا تیرے لئے

غفّار تیرا نام ہے ستّاری تیرا کام ہے
دیکھ لو میری طرف میں بے نوا تیرے لئے

کوئی نہیں تیرے سوا فریاد میرا سُن لے
بھیک دو مجھکو خدا میں بھکاری تیرے لئے

گزری عمر برباد کی نفس و شیطاں شاد کی
لیک زندان میں قلندر رہے خدا تیرے لئے

Scanned with CamScanner

আল্লাহর দরবারে ফরিয়াদ

বন্দী আমি কারাগারে সেতো তোমার জন্য আজ
তোমার তরে হে খোদা মোর এই অপমান এই যে লাজ।
তোমার আকাশ তোমার পাতাল তোমার মহাশূণ্য— সব
তবু এ দীন নিরাশ্রয়ে কেন ওগো মাবুদ রব।
দয়ার সাগর তোমার দয়ায় নিমিশে সব পাল্টে যায়
রহম করো তোমার তরেই এই অপমান আজকে হায়।
অকুল সাগর অথৈ পানি ঝঞ্ঝা-তুফান বইছে জোর
তুমি ছাড়া এই বিপদে সহায় শরন নেই যে মোর।
ক্ষমা ও পাপ গোপনকারী তুমি সাত্তার ও গাফ্‌ফার
চাও ফিরে চাও, দাও খুলে দাও রহমতের সব দুয়ার।

আরজি আমার কবুল করো দয়ার চোখে আজ তাকাও
দীন ভিখিরি দ্বারে তোমার দাও আমাকে ভিক্ষা দাও।
নফস ও শয়তানের ধোকায় ব্যর্থ হলো যিন্দেগী
তুমি ছাড়া বন্দী কারায় কলন্দরের উপায় কী!

Scanned with CamScanner

عرضِ حال

طوقِ شیطاں ہے گلے میں بارِ عصیاں دِل میں ہے
محروم ہے اعمال سے اِقرار تیرا دِل میں ہے

توحید تیرا ہے زباں پر دل لگی احمد صلی اللہ علیہ وسلم سے ہے
آنکھ ہے کعبہ نما دِل روضہ پہ قُربان ہے

دے اُٹھا پردہ در و دیوار سے یہ عرض ہے
آرزو محبوب کی دیدار میرے دِل میں ہے

روزن[1] دیوار طیبہ عاشقوں کے سامنے
آرماں رخسار کی محبُوب چشم دل میں ہے

بوئے عشق ویس قرنی مِل گئی تھی دُور سے
گرچہ دوری میں رہوں کچھ سوز و فرقت دِل میں ہے

عرضِ حالِ دِل قلندر گنبدِ خضرا میں ہے
بُلبُلوں سا سوز دِل یا برگ میں یا گُل میں ہے

اے کبوتر کیا تمھاری دِل میں دِلداری نہیں
ہے سلامِ بے پناہی کی رسائی دِل میں ہے۔

عِشقِ محبُوبِ خُدا محبُوب میرے دِل میں ہے

[1] روزن۔ روضۂ پاک کی پھٹک

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

আত্মনিবেদন

অন্তরে মোর পাপের বোঝা গলায় শেকল শয়তানের
শূণ্য বটে আমল, হৃদয়ে জ্বলছে আগুন ঈমানের।
তৌহীদী কলেমা কণ্ঠে হৃদে পেয়ার মোস্তাফার
চক্ষে আমার কাবার ছবি হৃদয় পাগল মদীনার।
শোনো শোনো আরজু আমার পর্দা হটাও দেয়ালের
বুক ফেটে যায় চাই আমি চাই আজ মোলাকাত মাশুকের।
রওজা-দেয়াল-ফোকর গলে করছে আশেক এন্তেজার
হায়রে! কখন দেখতে পাব ওই নূরানী বদন তাঁর।
সুদূর থেকে প্রেম-সুরভি পেলেন করনি পুণ্যবান
দূর নিবাসী আমি হৃদে বিছেদ ব্যথা বহ্নিমান।
সবুজ গম্বুজ দেখার জন্য হৃদয় আমার পেরেশান
ভোমর যেমন কুসুম-কলির বিরহে রয় মূহ্যমান।
হে কবুতর! বিন্দু দয়া নাই কিরে হায় হৃদয়ে তোর
দয়াল নবীর পাক কদমে পৌঁছিয়ে দিস সালাম মোর।

Scanned with CamScanner

دعویٰ غلامی

پاؤں میں زنجیرِ زنداں ہے مقیّد کس لئے
ہوں گریختہ در سے لیکن قید ہے تیرے لئے

کچھ نہیں کرتا ترا من بھلانے کے لئے
خوش رہو سرکار گردن رکھ دیا تیرے لئے

ہے شماتت دشمنوں کی باعثِ ذلّت میری
شرم نہ آتا مجھے گر خوار ہوں تیرے لئے

جرم و عصیاں گر تجاوز کر گیا حد سے مرا
ہاتھ خالی در سے پھرنا عار ہے تیرے لئے

ہے اسیرِ نفسِ اَمّارہ قلندر دِل تیرا
رکھ دیا اُمّیدِ عفوِ معصیت تیرے لئے

সিলেট কারাগার : ১৯৭২

Scanned with CamScanner

গোলামীর দাবী

দু'পায়ে জড়ানো কারার শেকল বন্দী দশার জ্বালা
ঘর ছাড়া আমি, তোমারি জন্য সব কিছু বারী তা'লা।
কী ছাড় এ ত্যাগ! এই কারাভোগ জিঞ্জির জিন্দান
দিতে হলে দেব তোমার জন্য অকাতরে গর্দান।
পুলকিত অরি সেতো মোর মান, কোনই পরোয়া নাই
হে আমার প্রভূ! আমিতো কেবল তোমার খুশীই চাই।
হয়ে থাকে যদি সীমাহীন মোর অপারাধ গুনা— পাপ
তোমার তরে তো লজ্জার আরো নাহি করা তাহা মাফ।
হে কলন্দর! তুমিতো গোলামীতে নফসে আমম্মারার
তবু আছে আশা, ক্ষমা ও করুনা সীমাহীন আল্লার।

Scanned with CamScanner

نَدامت

شرمساری ہے ہماری جرم کے انبار پر
ہنس رہا شیطاں ہماری خوے بدکردار پر

زندگی برباد میری شامتِ اعمال پر
بدنصیبی چھا گئی ہے جرم کے اصرار پر

ہائے جوانی عمر کو میں بے خبر برباد کی
ہائے میرا شرمساری عہد کی اِقرار پر

قوّتِ عمرِ جوانی کھو گئی دولت مری
سر پہ لی بارِ گنہ حاضر ہوا دربار پر

رحمتِ عالم کے خاطر میرا بیڑا پار کر
موجِ دریا میں طلاطم کشتی ہے اوتار پر

پارسائی ہے ہماری باعثِ شرمندگی
دل لگی ہرگز نہیں دلدادہ و دلدار پر

اے قلندر کیا تجھے انجام کا کچھ ہے خبر
سامنے سکرات تیرا پھر ٹھکانا ہے قبر

সিলেট কারাগার : ১৯৭৩

Scanned with CamScanner

অনুতাপ

পাপ-বোঝা বয়ে মরি অপমানে লাজে
ভারি খুশী শয়তান দেখে বদ কাজে ।
জীবন হইল মাটি গুনায় গুনায়
ডুবিলাম অফুরান দুঃখ হতাশায় ।
দিলাম বিনাশ করে অমূল্য যৌবন
পুরাতন অঙ্গীকার হলোনা স্মরণ ।
হারিয়ে যৌবন, ডুবে পাপ পারাবারে
হাজির হয়েছি প্রভু তোমার দুয়ারে ।
সাগর তরঙ্গময় জীর্ণ মোর তরি
নবীজীর অসিলায় লহ পার করি ।
সংযম হইল শেষে লজ্জার কারণ
আশেক মাশুকে নেই সেই আকর্ষণ ।
পরিণাম ভেবেছ কি ওহে কলন্দর
সমুখে মউত আর ঠিকানা কবর ।

Scanned with CamScanner

ملامت

کس چیز کی طلب ہے دیوانہ تیرے من میں
گل نہ تر و تازہ پھول نہ رہے گلشن میں
حسن کے بازار میں تو سوتا پڑا غفلت میں
سوتے ہی سوتے میں تیرہ[1] پڑا روشن میں
خورشید جب جاگے اندھیرا ہو گلبن میں
کوئی نہ تیرے ساتھی رہے روئے تو من کے من میں
خوبی جب آتی رہی دلدار رہے اُلجھن میں
خوبی جب جاتی رہی کوئی نہ رہے درشن[2] میں
اے خوبان مغرور فریب خوبی نہ رہی چمن میں
نہ رہیگا زیبا تیرے گل عذار بدن میں
دیکھتے رہیگی اقربا تجھے آنکھ حیرت میں
امداد کوئی نہ کرتا جاں کنی کے فن میں
جانا ہے تجھے قلندر اکیلا گور میں
روتے ہوئے اقربا شریک ہونگے دفن میں

---

[1] اگامزن۔ قدم رکھنا۔ [2] کروبیاں۔ فرشتے۔ [3] پرتوے۔ سایہ

Scanned with CamScanner

নিন্দা

কিসের নেশায় মত্ত তুমি কিসের তরে মন-ব্যাকুল
যায় ঝরে যায় গুলিস্তানে চির তাজা রয়না ফুল।
নিদ্রা-মগন হবার বেলা দেখলে চারু গুলবাহার
জাগার আগেই ঝরছে সে ফুল, বৃন্তে টিকে রয়নি আর।
অস্ত গিয়ে সূর্য যখন নামবে রাতের অন্ধকার
একলা শুয়ে কাঁদবে তখন কেউ রবেনা সঙ্গে আর।
রূপের মেলা রয় যতদিন রয়না অভাব প্রাণ-সখার
খোঁজ যে তখন নেয়না কেহ হারায় যখন রূপ পশার।
জেনে রেখো রূপ-কাননের ভ্রান্তি বিলাস মুগ্ধ জন
মধুর ফাগুন বিদায় নেবে মুষড়ে যাবেই গুলবদন।
ভীত ব্যাকুল বন্ধু স্বজন দেখতে রবে তোমার হাল
কোনই মদদ করবেনা কেউ আসবে যখন মরণ কাল।
গোরে তোমার যেতে হবে, যেতে হবে একলাটি
